

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ এপ্রিল ২০২৩।

### বলীখেলা চট্টগ্রামের ঐতিহ্য, একে বাঁচাতে হবে: চিনি মেয়ার

প্রযুক্তির চ্যালেঞ্জ আর মৌলবাদীদের ঘৃণ্ণন করতে জরুরীর বলীখেলার মতো সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা করতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়ার (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার জরুরী বলীখেলা ও বৈশাখী মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়ার বলেন, বৃটিশ শাসনামল থেকে প্রতিরোধের বার্তা ছড়িয়ে আসছে জরুরীর বলীখেলা। বর্তমানে প্রযুক্তিগত চ্যালেঞ্জ আর মৌলবাদীদের ঘৃণ্ণন যে সাংস্কৃতিক সংকট তা করতে এবং তা থেকে আমাদের ঐতিহ্য বাঁচাতে জরুরীর বলীখেলা আর বৈশাখী মেলার মতো সাংস্কৃতিক উপাদানগুলোকে বাঁচাতে হবে।

"করোনার অভিযাত পেরিয়ে এবছর আমরা লালদীঘি ময়দানে বলীখেলার আয়োজন ফেরাতে পেরেছি। আমি যতদিন মেয়ারের দায়িত্বে আছি প্রধান প্রস্তাবক হিসেবে এই বলীখেলা আর মেলার আয়োজনকে বাঁচিয়ে রাখতে কাজ করে যাব। আমরা যারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের রহমানের আদর্শে বিশ্বাস করি, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশকে উন্নয়নের রোলমডেলে পরিণত করতে কাজ করছি তাদের মনে রাখতে হবে সাংস্কৃতিক উৎকর্ষ ছাড়া স্বাধীনতার প্রকৃত সুফল আসবেনা। একান্তরের মুক্তিযুদ্ধ কেবল পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ ছিলনা, এ যুদ্ধ ছিল আমাদের সাংস্কৃতিক স্বাতন্ত্র্য রক্ষার যুদ্ধও। আজও এ যুদ্ধ চলমান আর এ যুদ্ধে আমাদের জিততেই হবে।"

বিকেল পৌনে ৪টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়ার মো. রেজাউল করিম চৌধুরীর প্রস্তাবকতায় নগরের ঐতিহাসিক লালদীঘি মাঠে ঐতিহ্যবাহী জরুরীর বলী খেলার ১১৪তম আসরে চ্যাম্পিয়ন হন কুমিল-এর শাহজালাল বলী। রানার্সআপ হন চকরিয়ার তরিকুল ইসলাম জীবন। সুজন চাকমা তৃতীয় স্থান অধিকার করেন। এর আগে প্রথম সেমি ফাইনাল মুখোমুখি হয় গতবারের চ্যাম্পিয়ন চকরিয়ার তরিকুল ইসলাম জীবন ও খাগড়াছড়ির সুজন চাকমা। প্রায় ১১ মিনিট ৩৬ লড়াইয়ে জীবন বলীর কাছে পরাজিত হন সুজন বলী। অন্যদিকে দ্বিতীয় সেমিফাইনালে আনোয়ারার আব্দুন নুরের মুখোমুখি হয় গতবারের রানার্সআপ কুমিল-এর শাহ জালাল বলী। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মেয়ার। এবারের আয়োজনের সার্বিক সহযোগিতায় ছিল তারা গুপ।

এবারের আসনের উদ্বোধন করেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) কমিশনার কৃষ্ণপদ রায়ঃ। বিশেষ অতিথি ছিলেন প্যানেল মেয়ার আবদুস সুর লিটন। কাউন্সিলর জহির লাল হাজারীর সভাপতিত্বে উপস্থিত ছিলেন চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান এটিএম পেয়ারকুল ইসলাম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম, কাউন্সিলর মোঃ আবদুস সালাম মাসুম, পুলক খান্তগীর, মোহাম্মদ আবদুল মাল্লান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮